


২। হারা'বি প্রতাপে, যখন এসে কফে, কণ্ঠ ধরিবে চেপে  
জান না ।

যখন পড়িবি দুঃসময়, সবে বলিবে হয় হয়,  
সদ উপায় কেউ তোমার করে না ॥

৩। এই শক্তি থাকিতে, ভক্তির সহিতে, হরির নামটি  
চিত্তে জপ না ।

রসিক বলে মন শ্রীমধুসূদন, অসময় সাধন হবে না ॥  
—রসিক বালা



৫২ নং

তাল--একতাল

শুধু মুখের কথায় হরিচাঁদ কি পাওয়া যায় ।

তারে মন প্রাণ সাঁপে দিয়ে ডাকার মত ডাকতে হয় ।

১। সে যে অসাধন চিন্তামণি কর্মী-জ্ঞানী যোগী-ধ্যানী,  
কেউ না পায় ।

যে জন আকুল হয়ে ডাকতে পারে,

তারে হরি কোলে লয় ॥

২। যত মালা তিলক চৈতন জটা, ভেক নিশানা

কপনি আঁটা ও সব কিছুই নয় ॥

আমার প্রেমময় হরিচাঁদ, সে যে প্রেমে মাথা প্রাণটি চায় ॥

৩। ও মন হরি পাওয়া কি এতই সোজা, হরি কি তোর

ভিটার প্রজা বল আমায় ।

হয়ে অনুগত, জন্মের মত, শরণ লও তাঁর রাজা পায় ॥